অতী জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শাখা-১১(মাধ্যমিক-২)
www.moedu.gov.bd

নং-৩৭.০০.০০০০.৭২.০৬.০২৪.১৬.৩৩৬ তারিখ ঃ ১২ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ / ২৭ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকা জেলার শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রস্তুতকৃত সুপারিশমালা বাস্তবায়ন।
সূত্র : ০৫.৪১.২৬০০.০১৩.৫৫.০৬৫.১৬-৯২৪, তারিখ: ০৮.০৯.২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৬.৮.২০১৬ তারিখে জেলা প্রশাসন, ঢাকার উদ্যোগে দেশের সাম্প্রতিক উদ্ভূত পরিস্থিতি মোকাবেলা, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা মহানগরীসহ ঢাকা জেলার সকল মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্‌রাসার প্রধানগণের অংশগ্রহণে জাতীয় নাট্যশালা অডিটরিয়াম, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভার সুপারিশমালা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। জেলা প্রশাসনের উদ্যোগে অনুষ্ঠিত সভায় গৃহীত সুপারিশসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৫০৩৪১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, স্কাউট ভবন, কাকরাইল, ঢাকা।
০৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।

নং-৩৭.০০.০০০০.৭২.০৬.০২৪.১৬.৩৩৬ তারিখ ঃ ১২ কার্তিক ১৪২৩ বঙ্গাব্দ / ২৭ অক্টোবর ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও সদয় কার্যার্থে:
০১। মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১/২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অসীম কুমার কর্মকার)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং-৩৭.০৩.০০০০.০১০.১৮.০১০.১৬ (পাট-২)- ৮০৪(২২), তারিখ ঃ২৫/১১/২০১৬ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশিত হয়ে অনুলিপি দেয়া হলো ঃ**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা ।
২। পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নয়ন/পিআইইউ/পিআইডব্লিউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা।
৪। অধ্যক্ষ, ঢাকা/ ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা।
৫। অধ্যক্ষ, গ্লাস এন্ড সিরামিকস্/গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, ঢাকা।
৬। অধ্যক্ষ, জয়পাড়া টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ঢাকা।
৭। সহকারী পরিচালক, শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০ কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব অসীম কুমার কর্মকার, সহকারী সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা,আইসিটি সেল,কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা[পত্রটি ওয়েব সাইটে প্রকাশ এবং প্রতিষ্ঠানের ই-মেইলে প্রেরণের অনুরোধ করা হলো]
১০। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১২। সংশ্লিষ্ট নথি ।

(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক -১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
(শিক্ষা শাখা)
www.dhaka.gov.bd

স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৩.৫৫.০৬৫.১৬-৯২৪ তারিখ:০৮-০৯-২০১৬ খ্রি:

বিষয় : ঢাকা জেলার শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রস্তুতকৃত সুপারিশমালা ।

গত ০৬-০৮-২০১৬খ্রিঃ তারিখে জেলা প্রশাসন, ঢাকার উদ্যোগে দেশের সাম্প্রতিক উদ্ভূত পরিস্থিতি মোকাবেলা, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা মহানগরীসহ ঢাকা জেলার সকল মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার প্রধানগণের অংশগ্রহণে জাতীয় নাট্যশালা অডিটরিয়াম, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় জনাব মোঃ আবুল কালাম আজাদ, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা, বেগম সুরাইয়া বেগম, এনডিসি, সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা, জনাব মোঃ সোহরাব হোসাইন, সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, জনাব হেলালুদ্দীন আহমদ, বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা ও জনাব শাহ শাফিউর রহমান, পুলিশ সুপার, ঢাকা উপস্থিত ছিলেন।

২। অতিথিগণসহ ঢাকা মহানগরী ও ঢাকা জেলার সকল মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার প্রধানগণ সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করনীয় ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন মতামত ও সুপারিশ পেশ করেন। সকলের মতামত ও সুপারিশ একীভূত করে একটি সুপারিশমালা প্রস্তুত করা হয়েছে (কপি সংযুক্ত)।

৩। এমতাবস্থায়, সুপারিশমালা মহোদয়ের সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

০৮.৯.১৬
মোহাম্মদ সালাহ্ উদ্দিন
জেলা প্রশাসক
ঢাকা।
ফোন: ৯৫৫৬৬২৮
E-mail: dcdhaka@mopa.gov.bd

সচিব
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অতিঃ সচিব ... এর দপ্তর
১। শাখা -
২। শাখা -
ডায়রী নং ২৭৫৮
তারিখঃ ২৬/৯/১৬

স্মারক নং-০৫.৪১.২৬০০.০১৩.৫৫.০৬৫.১৬- তারিখ: -০৯-২০১৬ খ্রি:

অনুলিপি; সদয় জ্ঞাতার্থে:

১। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা

২। অফিস কপি।

জেলা প্রশাসক
ঢাকা।

শিক্ষা সচিবের দপ্তর
ডায়েরি নং তারিখঃ

| | |
|---|---|
| অতিঃ সচিব (প্রশাসন ও অর্থ) | অতিঃ সচিব (উন্নয়ন) |
| অতিঃ সচিব (বিশ্ববিদ্যালয়) | অতিঃ সচিব (অডিট ও ...) |
| অতিঃ সচিব (কারিগরি) | অতিঃ সচিব (মাধ্যমিক) |
| অতিঃ সচিব (মাদ্রাসা) | প্রধান পরিকল্পনা |
| যুগ্মঃ সচিব (কলেজ) | |

গত ০৬-০৮-২০১৬খ্রিঃ তারিখে জেলা প্রশাসন, ঢাকার উদ্যোগে দেশের সম্প্রতিক উদ্ভূত পরিস্থি মোকাবেলা, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করণীয় ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ঢাকা মহানগরীসহ ঢাকা জেলার সকল মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্‌রাসার প্রধানগণের অংশগ্রহণে জাতীয় নাট্যশালা অডিটরিয়াম, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় জনাব মোঃ আবুল কালাম আজাদ, মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা, বেগম সুরাইয়া বেগম, এনডিসি, সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা, জনাব মোঃ সোহরাব হোসাইন, সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, জনাব হেলালুদ্দীন আহমদ, বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা, জনাব মোহাম্মদ সালাহ উদ্দিন, জেলা প্রশাসক, ঢাকা ও জনাব শাহ শাফিউর রহমান, পুলিশ সুপার, ঢাকা উপস্থিত ছিলেন।

অতিথিগণসহ ঢাকা মহানগরী ও ঢাকা জেলার সকল মহাবিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্‌রাসার প্রধানগণ সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে করনীয় ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন মতামত ও সুপারিশ পেশ করেন। সকলের মতামত ও সুপারিশের আলোকে নিম্নরূপভাবে একীভূত সুপারিশমালা প্রস্তুত করা হয়েছে:

<u>একীভূত সুপারিশসমূহ</u>

- সকল শিক্ষার্থীর অভিভাবকের, নাম, ঠিকানা, মোবাইল নম্বর (বিকল্প মোবাইল নম্বর) ইত্যাদি তথ্যসম্বলিত ড্যাটাবেজ প্রতিষ্ঠানে সংরক্ষণ;
- শিক্ষার্থীর শিক্ষা প্রতিষ্ঠানে এবং শ্রেণিকক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে ডিজিটাল হাজিরা গ্রহণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- যে সকল শিক্ষার্থী বিদ্যালয়ে এবং শ্রেণিকক্ষে অনুপস্থিত থাকে, সে সকল শিক্ষার্থীর অভিভাবকগণকে বিষয়টি তাৎক্ষনিক অবগতির জন্য শ্রেণি শিক্ষকসহ প্রতিষ্ঠান প্রধান কর্তৃক আবশ্যিকভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
- যদি কোন শিক্ষার্থী ছুটির পর যথাসময়ে বাসায় না পৌছায় সেক্ষেত্রে শিক্ষার্থীর অভিভাবক কর্তৃক তাৎক্ষকিনভাবে প্রতিষ্ঠান প্রধান/শ্রেণি শিক্ষককে অবগত করা। এ ক্ষেত্রে অনির্ধারিত সময়ে প্রতিষ্ঠানের ছুটি হলে তা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনায় অভিভাবকদের জানিয়ে দেয়া;
- এক সাথে ২/৩ দিন অনুমোদন ব্যতীত শিক্ষার্থী প্রতিষ্ঠানে অনুপস্থিত থাকলে শিক্ষার্থীর বাসায় বিষয়টি অবগত করা;
- শিক্ষার্থীদের জন্য প্রতিষ্ঠানে চিত্তবিনোদনের ব্যবস্থা গ্রহণ;
- কর্মমূখী শিক্ষার উপর অধিক গুরুত্বারোপ করা;
- যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকান্ড নিয়মিতভাবে মনিটরিং এর ব্যবস্থা জোরদারকরণ;
- Facebook সহ অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমের ব্যবহারের উপর নজরদারী বাড়ানো;
- যে পরিবারের কিশোর-তরুণ নিয়মিত মসজিদে নামাজ আদায়ের জন্য যায় তাদের ব্যাপারে পিতা-মাতার লক্ষ্য রাখতে হবে যে, কোন অপরিচিত কারো সাথে অথবা অন্য কোথাও অতিরিক্ত সময় অতিবাহিত করে কিনা? অথবা মসজিদে গমনাগমনের সূত্রে কোন অপরিচিত, অতিমিষ্টভাষী কিংবা রহস্যময় কারো সাথে তার সখ্যতা গড়ে তোলে কিনা?

- অভিভাবকগণকে তাদের সন্তানদের বন্ধু মহল সম্পর্কে সুস্পষ্ট ধারণা রাখতে হবে। কোন বন্ধুর সাথে কোথাও বেড়াতে যেতে চাইলে সব বিষয়ে খোঁজ নিয়ে নিশ্চিত হয়েই অনুমতি প্রদান;

- ইসলাম ধর্ম একটি আধুনিক ও শান্তির ধর্ম। এতে হিংসা, হত্যা, নৃসংশতা ও জঙ্গিবাদের কোন স্থান নেই। সে বিষয়ে সকল গণমাধ্যমে ইসলামিক চিন্তাবিদদের মাধ্যমে নিয়মিত আলোচনা, ব্যাখ্যা বিশ্লেষণের মাধ্যমে প্রচার করা;

- সরকারি ব্যবস্থাপনায় জঙ্গি বিরোধী মানববন্ধন ও র‍্যালির পাশাপশি পাড়া ও মহল্লায় সচেতনতামূলক সমাবেশ আয়োজন। গণমাধ্যমে জঙ্গি বিরোধী ভিডিও চিত্র তৈরী ও প্রচার করা;

- সকল শিক্ষার্থীকে নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট কোন না কোন ক্লাবের সাথে সম্পৃক্ত করা;

- সকল প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে স্কাউটিং দল গঠন ও শিক্ষার্থীদের স্কাউট/রোভার স্কাউট/গার্ল গাইড এর সাথে সম্পৃক্তকরণ;

- শিক্ষার্থীদের পাঠ্য বইয়ের পাশাপাশি সহপাঠ্যক্রমিক কাজে উদ্বুদ্ধ করা। এ জন্য নিম্মোক্ত উদ্যোগ নেয়া যেতে পারে: (ক) বিতর্ক দল গঠন (খ) সাংস্কৃতিক দল গঠন (গ) নিয়মিত রচনা প্রতিযোগিতার আয়োজন (ঘ) নাটকের জন্য দল (ঙ) খেলাধূলার জন্য বিভিন্ন কমিটি গঠন ও (চ) স্কাউট এর কার্যক্রম প্রসার ইত্যাদি;

- প্রতিষ্ঠানে নিয়মিত খেলাধূলার আয়োজন করা। যে সব প্রতিষ্ঠানে খেলার মাঠ নেই, সেকল প্রতিষ্ঠানে প্রতিষ্ঠানের পরিবেশ উপযোগী খোলাধূলার সাথে শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ।